DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 13 Sep 2026, 03:56 PM

জাতীয়

# তিস্তা ব্যারেজ পরিদর্শনে মার্কিন রাষ্ট্রদূত ক্রিস্টেনসেন

**প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক**
প্রকাশের তারিখ: সোমবার, ৩১ আগস্ট ২০২৬, ১২:৫০ PM



বাংলাদেশে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত ব্রেন্ট টি. ক্রিস্টেনসেন উত্তরাঞ্চলের পাঁচ জেলায় তিন দিনের সফরের অংশ হিসেবে নীলফামারীর ডালিয়ায় তিস্তা ব্যারেজ পরিদর্শন করেছেন। এ সময় তিনি তিস্তা নদীর বর্তমান পরিস্থিতি, নাব্য সংকট, পানি ব্যবস্থাপনা ও সেচ প্রকল্পের কার্যক্রম সম্পর্কে খোঁজ নেন।

রোববার (৩০ আগস্ট) দুপুরে দেশের বৃহৎ সেচ প্রকল্প তিস্তা ব্যারেজ এলাকায় যান মার্কিন রাষ্ট্রদূত। তার সঙ্গে ছিলেন স্ত্রী ডিয়ান ডাও, মার্কিন দূতাবাসের ডেপুটি চিফ অব মিশন মেগান বোল্ডিনসহ দূতাবাসের একটি প্রতিনিধি দল।

এর আগে সকাল সোয়া ৯টার দিকে ঢাকার বিমানবন্দর থেকে বিমানে সৈয়দপুর বিমানবন্দরে পৌঁছান ক্রিস্টেনসেন। পরে সেখান থেকে রংপুরের গঙ্গাচড়া উপজেলার বেতগাড়িতে প্যারাগন গ্রুপ পরিচালিত প্যারাগন ডেইরি পরিদর্শন করেন তিনি। এরপর তিস্তা ব্যারেজের উদ্দেশে রওনা হন।

তিস্তা ব্যারেজ পরিদর্শনের সময় পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তারা রাষ্ট্রদূতকে নদীর পানি ব্যবস্থাপনা, সেচ প্রকল্পের কার্যক্রম, নদী সংস্কার এবং

শুষ্ক মৌসুমে পানি সংকটের কারণে কৃষকদের ওপর পড়া প্রভাব সম্পর্কে অবহিত করেন।

পানি উন্নয়ন বোর্ডের রংপুর উত্তরাঞ্চলের অতিরিক্ত প্রধান প্রকৌশলী মোহা. সরফরাজ বান্দা জানান, রাষ্ট্রদূত তিস্তা অববাহিকায় বসবাসকারী মানুষের সামাজিক ও অর্থনৈতিক পরিস্থিতি এবং আঞ্চলিক পানি ব্যবস্থাপনা নিয়ে আগ্রহ প্রকাশ করেন।

পরে তিস্তা ব্যারেজ এলাকার পানি উন্নয়ন বোর্ডের রেস্টহাউজ অবসর-এ স্থানীয় কর্মকর্তাদের সঙ্গে সংক্ষিপ্ত মতবিনিময় করেন তিনি। ব্যারেজের চারপাশের সবুজ পরিবেশ দেখে রাষ্ট্রদূত ও তার স্ত্রী মুগ্ধ হন। তারা সেখানে দাঁড়িয়ে ছবি তোলেন এবং কিছু সময় অবস্থান করেন।

সফর শেষে বেলা ৩টার দিকে সড়কপথে পঞ্চগড়ের তেঁতুলিয়ার উদ্দেশে রওনা হন মার্কিন রাষ্ট্রদূত। সেখানে রাতযাপন করেন তিনি।

সফরের দ্বিতীয় দিনে সোমবার তেঁতুলিয়ার মহানন্দা নদী, বাংলাবান্ধা জিরো পয়েন্টের চতুর্দেশীয় আন্তর্জাতিক ইমিগ্রেশন চেকপোস্ট, পঞ্চগড় আধুনিক সদর হাসপাতাল, পঞ্চগড় রকস মিউজিয়াম ও গ্রিন ফিল্ড টি ইন্ডাস্ট্রিজ পরিদর্শনের কথা রয়েছে।

সফরের তৃতীয় দিন মঙ্গলবার ঠাকুরগাঁওয়ের বালিয়াডাঙ্গীর হরিণমারী সীমান্তের মন্ডুমালা গ্রামের ঐতিহ্যবাহী সূর্যপুরী আমগাছ, দিনাজপুরের কান্তজির মন্দির ও নয়াবাদ মসজিদ এবং পার্বতীপুরের কেন্দ্রীয় লোকোমোটিভ কারখানা পরিদর্শন করবেন তিনি।

এরপর রেলপথে সৈয়দপুরে গিয়ে রেলওয়ে কারখানা ও জাদুঘর, চিনি মসজিদ এবং সৈয়দপুর খ্রিস্টান চার্চ পরিদর্শন শেষে রাতে ঢাকায় ফিরবেন মার্কিন রাষ্ট্রদূত।

নীলফামারীর পুলিশ সুপার মো. ফরহাদ হোসেন খান জানান, রাষ্ট্রদূতের সফরকে কেন্দ্র করে সংশ্লিষ্ট এলাকাগুলোতে প্রয়োজনীয় নিরাপত্তাব্যবস্থা নেওয়া হয়েছে। সফর নির্বিঘ্ন করতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা দায়িত্ব পালন করছেন।

---


## এ বিভাগের আরও খবর



খাগড়াছড়িতে সেনাবাহিনীর বিনামূল্যে চিকিৎসাসেবা, উপকৃত ৮৬১ রোগী
দুর্গম পার্বত্য অঞ্চলের মানুষের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে খাগড়াছড়ি জেলা সদর হাসপাতালে বিনামূল্যে চিকিৎসাসেবা দিয়েছে বাংলাদেশ সেনাবাহিনী। এ...



### ডেঙ্গু প্রতিরোধে সপ্তাহে অন্তত এক ঘণ্টা সময় দিতে হবে: প্রধানমন্ত্রী

রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে ডেঙ্গুর প্রাদুর্ভাব বৃদ্ধি পাওয়ায় তিন মাসব্যাপী ডেঙ্গু প্রতিরোধ ও পরিচ্ছন্নতা অভিযান-২০২৬ উদ্বোধন করেছ...



### জ্বালানি সংকট বর্তমান সরকারের তৈরি নয়, ফ্যাসিস্ট সরকারের তৈরি: প্রধানমন্ত্রী

গ্যাস-বিদ্যুতের সংকটের কারণে জনগণের যে ভোগান্তি হচ্ছে, সে বিষয়ে সরকার সচেতন বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেছেন, এই জ্বালান...



### যতই প্রভাবশালী হোক, দুর্নীতি করলে ব্যবস্থা নেওয়ার আহ্বান রাষ্ট্রপতির

দুর্নীতিবাজ যতই প্রভাবশালী হোক না কেন, নিরপেক্ষ ও সুষ্ঠু তদন্তের মাধ্যমে তাকে আইনের আওতায় আনার জন্য দুর্নীতি দমন কমিশনের (দুদক) প্রতি আহ্বান...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/national/tista-bjarej-pridrshne-markin-rashtrdut-kristensen